অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/30/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চরম ঝড়ে বাস্তুচ্যুত দুঃস্থ নিউ ইয়র্কবাসীর জন্য অন্তর্বর্তী মর্টগেজ সহায়তা (INTERIM MORTGAGE ASSISTANCE, IMA) প্রোগ্রামের ছয়-মাস সময় বৃদ্ধি ঘোষণা করলেন

যখন ফেডারেল সরকার এ ব্যাপারে অন্ধকারে, নিউ ইয়র্ক স্টেট দুঃস্থ গৃহমালিকদের সহায়তা করার জন্য পদক্ষেপ নিচ্ছে

সুপারস্টর্ম স্যান্ডি, ঘূর্ণিঝড় আইরিন ও ট্রপিক্যাল ঝড় লি এর কারণে এখনো বাস্তুচ্যুত 205 আবেদনকারী এর থেকে সুবিধা পাবে বলে আশা করা যাচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে অন্তর্বর্তী মর্টগেজ সহায়তা প্রোগ্রামের সব থেকে দুর্বল অংশগ্রহণকারীদের জন্য ছয় মাস সময় বৃদ্ধি করা হবে, যা সম্ভব হবে অতিরিক্ত 3.9 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিলের কারণে। বৃদ্ধ, অক্ষম ব্যক্তি, ভুয়া ঠিকাদারির শিকারসহ 200-এর বেশি উপযুক্ত আবেদনকারী, যারা তাদের আবাস উন্নত করতে চায় এবং নিম্ন-মধ্য আয়ের ব্যক্তিরা এই অতিরিক্ত, সর্বশেষ সময় বৃদ্ধির সুবিধা পাবে, এবং ছয় বছর পূর্বে সুপারস্টর্ম স্যান্ডির আঘাতের ফলে তাদের ক্ষতির বিপরীতে পুনর্বাসন ও টিকে থাকার প্রোগ্রাম শেষ করতে পারবে। গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস (Governor's Office of Storm Recovery, GOSR) দ্বারা নিয়ন্ত্রিত IMA প্রোগ্রামটি আনুমানিক 1,900 ঝড়-দুর্গত নিউ ইয়র্কবাসী যারা মর্টগেজ এবং ভাড়ার খরচ দুই-ই বহন করছে তাদের সাহায্য করতে 54.2 মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে।

"ফেডারেল সরকার যেখানে অভাবী মানুষদের সাহায্য করতে ব্যর্থ হচ্ছে, নিউ ইয়র্ক আরো একবার চরম আবহাওয়া দ্বারা প্রভাবিত কমিউনিটির পাশে গিয়ে দাঁড়াচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "এই বর্ধিত অতিরিক্ত ছয় মাস সময় দিয়ে আমরা দুঃস্থ নিউ ইয়র্কবাসীকে পূর্বের তুলনায় আরো মজবুত ও টেকসই ভাবে পুনর্নির্মাণ করতে সাহায্য করবো।"

ছয় মাসের এই সময়বৃদ্ধির ফলে IMA প্রোগ্রামের শেষ তারিখ নিউ ইয়র্ক রাইজিং সিঙ্গেল ফ্যামিলি হোমওনার প্রোগ্রামের (NY Rising Single Family Homeowner Program) জুন 2019 এর শেষ তারিখের সাথে মিলে যাবে। শুধুমাত্র বর্তমান আবেদনকারীরা যারা বিশেষভাবে দুঃস্থ এবং যারা এখনো তাদের পূর্ণ 20-মাসের IMA সুবিধা পায় নি তারাই এই বর্ধিত সময়ের জন্য উপযুক্ত হবে। কোনো নতুন IMA আবেদন গ্রহণ করা হবে না। দুঃস্থ IMA প্রাপকেরা তাদের পূর্ণ 20-মাস IMA পাওয়ার জন্য উপযুক্ত হবে এবং এর কোনো অংশ জুন 2019 এর পর প্রদান করা হবে না। ভুয়া ঠিকাদারির শিকার হওয়া ব্যক্তিরা তাদের পূর্ণ 20-মাসের IMA পাবে এবং জুন 2019 এর শেষ তারিখের পরেও তাদের অর্থ উঠাতে পারবে। GOSR এই বর্ধিত সময়সীমা তাদের ওয়েবসাইটে প্রকাশ করবে এবং একজন একজন করে দুঃস্থ উপযুক্ত IMA প্রাপকদের সাথে যোগাযোগ করবে।

যদি আবেদনকারীর মনে হয় যে সে উপযুক্ত, তাদের উচিত তাদের কেস ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করা বা 844-9NY-RISING (844-969-7474) নম্বরে কল সেন্টারে ফোন করা।

গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের আবাসন, বাইআউট এবং অ্যাকুইজিশন প্রোগ্রাম (Housing, Buyout and Acquisition Programs) এর নির্বাহী পরিচালক থিবিয়া হিউট বলেছেন, "যখন প্রাথমিকভাবে ফেডারেল সরকার আমরা কী পরিমাণ মর্টগেজ সহায়তা দিতে পারবো তা সীমাবদ্ধ করে দিয়েছিলো, স্টেট তখন সময় বৃদ্ধির জন্য দুর্যোগ পরিস্থিতির শিকার হওয়া মানুষের পক্ষে কাজ করেছে। এই প্রক্রিয়ায়, আমরা একটি যুগান্তকারী প্রোগ্রাম শুরু করেছি যেটি কোটি কোটি ডলার খরচ করেছে এটি নিশ্চিত করার জন্য যে ঝড়ে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের মর্টগেজ পরিশোধ করতে পারে।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "সুপারস্টর্ম স্যান্ডির পর ছয় বছর পার হয়ে গেছে কিন্তু এখনো অনেক ঝড়-দুর্গতরা বাড়ি ফিরতে পারেনি, তাদের কোনো দোষ না থাকার পরেও। সময় বৃদ্ধিটি পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় সময় ও সংস্থান প্রদান করবে। যেহেতু ফেডারেল সরকার এখন আর প্রোগ্রামটির অর্থায়ন করছে না, এবং এর পুরোটিই এখন স্টেটের নিজস্ব অর্থ, গভর্নর কুওমোকে বিশেষভাবে ধন্যবাদ আমাদের এলাকার বহু মানুষের বিপদ বুঝে এই প্রোগ্রামটির অর্থায়ন করার জন্য।"

অতিরিক্ত স্টেট সংস্থান নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার প্রোগ্রামের উপযুক্ত অংশগ্রহণকারীদের জুন 2019 পর্যন্ত তাদের মর্টগেজ পরিশোধ করতে সাহায্য করবে, যখন গৃহমালিকদের তাদের সর্বশেষ পরিদর্শনের সময় ঠিক করতে হবে। নির্মাণ প্রক্রিয়ার পূর্ববর্তী দুইটি সময়সীমা বৃদ্ধির পর, আর কোনো সময় বৃদ্ধি করা হবে না, এবং আবেদনকারীদের অবশ্যই প্রোগ্রামের পুরো কার্যক্রম 31 ডিসেম্বর, 2019 এর মধ্যে সমাপ্ত করতে হবে।

স্যান্ডি, আইরিন ও লি ঝড়ের পুনরুদ্ধারে কেন্দ্রীয় ভূমিকা রাখা স্টেটের নিউ ইয়র্ক রাইজিং প্রোগ্রামের পুরো পোর্টফোলিওর মতোই, IMA মূলত স্থাপন করা হয়েছিল GOSR-এর 4.5 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়ে, যা মার্কিন ডিপার্টমেন্ট অব হাউজিং এন্ড আরবান ডেভেলপমেন্ট (U.S. Department of Housing and Urban Development, HUD) প্রদান করেছে। 2013 সালে HUD, GOSR ও স্যান্ডির অন্যান্য অনুদান প্রদানকারীকে অনুমোদন দেয় সর্বোচ্চ 60,000 মার্কিন ডলার সুবিধার সহায়তা 20 মাস পর্যন্ত প্রদান করার জন্য। তবে, বাসিন্দাদের চিন্তার কথা শুনে, নিউ ইয়র্ক স্টেট সময় সীমা বার বার বাড়িয়ে দেয়।

2015 সালে, GOSR একটি ছাড় ঘোষণা করে যার মাধ্যমে 20 মাসের বেশি সময় IMA সুবিধা প্রদান করা যাবে, এবং 2016 সালের জানুয়ারি মাসে, সর্বোচ্চ 108,000 মার্কিন ডলার সুবিধা আরো 16 মাসের জন্য প্রদান করতে পারার অনুমতি লাভ করে। GOSR প্রথম অনুদানকারী হিসেবে এতো দীর্ঘ সময় বৃদ্ধির অনুমোদন পায় এবং 36 মাস মর্টগেজ সহায়তা প্রদানের অনুমতি পায়। যদিও HUD এই 16-মাস সময় বৃদ্ধি 2017 সালের ডিসেম্বর মাসে শেষ করতে বলেছিলো, GOSR 2018 পর্যন্ত 20 মাসের IMA সুবিধা দিতে থাকে।

IMA-এর মাধ্যমে প্রদত্ত এই 54 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার প্রোগ্রামের মাধ্যমে লং আইল্যান্ডের অধিবাসীদের সরাসরি দেওয়া 1 বিলিয়ন ডলারের শীর্ষে, এই প্রোগ্রামটি বাড়ি মেরামত,পুনর্নির্মাণ ও উন্নয়নে অর্থ দান করে।

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস স্টেট জুড়ে সুপারস্টর্ম স্যান্ডি, ঘূর্ণিঝড় আইরিন এবং ট্রপিক্যাল ঝড় লি পরবর্তী পুনরুদ্ধার কাজের সমন্বয় সাধন করে। এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার (NY Rising Housing Recovery), ক্ষুদ্র ব্যবসা (Small Business), কমিউনিটি পুনর্গঠন (Community Reconstruction), পরিকাঠামো (Infrastructure) এবং নকশা অনুযায়ী পুনর্নির্মাণ (Rebuild By Design), কর্মসূচিগুলির মাধ্যমে GOSR ফেডারেল কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান - দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যাতে চরম আবহাওয়া পরিস্থিতির জন্য নিউইয়র্ক আরো ভালোভাবে প্রস্তুত হতে পারে। GOSR এবং এর কর্মসূচিগুলির বিষয়ে আরো তথ্য অনলাইনে পাওয়া যাবে এখানে: http://stormrecovery.ny.gov/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন